

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নং- ৫৮.০২.০০০০.০০৮.৩৩.০০২.২০-৫৭


তারিখ- ২৬/০৩/২০২৬ইং

বিষয়ঃ ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উপলক্ষে সরকারি-বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন।

সূত্রঃ ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের প্রতুতি গ্রহণের নিমিত্ত ২৩ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের প্রতুতি গ্রহণের নিমিত্ত ২৩ মার্চ ২০২৩ তারিখে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মহোদয়ের সভাপতিত্বে অধিদপ্তরের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় “সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে রমজান মাসের পবিত্রতা বজায় রেখে সুবিধাজনক সময়ে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে” মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে সকল সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে রমজান মাসের পবিত্রতা বজায় রেখে সুবিধাজনক সময়ে চিকিৎসারত মাদকাসক্ত রোগীদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


২৬, ৩. ২০২৬
(মোঃ মাসুদ হোসেন)
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ফোনঃ ০২-৪৮৩২২১৮৫
E-mail: dirtr@dnc.gov.bd

- ১। চীফ কনসালটেন্ট
কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র
তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/
বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর।
- ৩। মেডিকেল অফিসার
বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র
চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

অনুলিপিঃ

- ১। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। অফিস কপি/মাস্টার ফাইল।